

## আপনার মোবাইল দিয়েই জিপ বা আনজিপ করুন যে কোন ফাইল

টিউন করেছেন Sk Faisal | প্রকাশিত হয়েছে : ৯ জুলাই, ২০১১ | 352 বার দেখা হয়েছে |  8

আমাদের প্রায় সময়ই বিভিন্ন ধরনের ফাইলকে জিপ করার প্রয়োজন হয় বা জিপ ফাইলকে আনজিপ করার প্রয়োজন হয়। কোন ফাইলকে জিপ করতে বা জিপ ফাইলকে আনজিপ করতে আমাদেরকে অবশ্যই কম্পিউটার ব্যবহার করতে হয়। আজকে আমি আপনাদের সাথে এমন একটি সফটওয়্যার শেয়ার করব যার সাহায্যে আপনারা জাভা সাপোর্টেড মোবাইল দিয়েই যে কোন ফাইলকে জিপ করতে বা কোন জিপ ফাইলকে আনজিপ করতে পারবেন। আমি অনেক দিন আগে থেকেই এটি আমার নোকিয়া ২৭০০ ক্লাসিক মোবাইলে ব্যবহার করছি। সফটওয়্যারটির ব্যবহার পদ্ধতি খুব সহজ। প্রথমে সফটওয়্যারটি এখান থেকে আপনার কম্পিউটার বা জাভা সাপোর্টেড মোবাইল ডাউনলোড করে নিন। তারপর মোবাইলে ইনস্টল করুন।

প্রয়োজনে নিচের পদ্ধতি অনুসরণ করুন:

১। এখন আপনার মোবাইল থেকে সফটওয়্যারটি Open করুন।

২। কোন জিপ ফাইলকে এক্সট্রাক্ট করতে চাইলে সিলেক্ট করুন Extract zip file, ফোল্ডার কম্প্রেস বা জিপ করতে চাইলে সিলেক্ট করুন Compress folder ফাইল কম্প্রেস বা জিপ করতে চাইলে সিলেক্ট করুন Compress file.

৩। নিচ থেকে Continue সিলেক্ট করে OK করুন।

৪। বাম পাশ থেকে OK চেপে ফাইল বা ফোল্ডারের লোকেশন চিনিয়ে দিন।

৫। জিপ করার জন্য কাঙ্ক্ষিত ফাইল বা ফোল্ডারটিকে সিলেক্ট করে ডান পশের মেন্যুতে ক্লিক করে Select বাটন চাপুন। টার্গেট ফোল্ডার হিসেবে Default directory তে ক্লিক করুন আবার OK করুন এবং যে কয়বার প্রয়োজন হয় Yes চাপুন এবং কিছুক্ষণ অপেক্ষা করলেই আপনার ফাইল বা ফোল্ডারটি জিপ ফাইলে পরিনত হবে। তবে মূল ফাইলটিও অক্ষত অবস্থায় পাশে দেখা যাবে।

এই সফটওয়্যারটি দিয়ে কাজ করার সময় বাম ও ডান পাশে Yes এবং No লেখা আসে। সব সময় Yes চাপতে হবে।

জাভা সফটওয়্যারটি ডাউনলোড করুন এখান <http://technobeach.com/index.php/zip-utility> থেকে।

সবাই ভাল থাকবেন। পোস্টটি ভাল লাগলে অবশ্যই কমেন্ট করবেন। ধন্যবাদ।